গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আহসানুল জব্বার<br>মহাপরিচালক। |
| সভার তারিখ ও সময় | : | ২৭ মে ২০২১খ্রি., বেলা ০২.০০ঘটিকা। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, কোভিড-১৯ ভাইরাসজনিত মহামারীর কারণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ভিন্ন আঙ্গিকে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে উদযাপিত হচ্ছে। জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির পক্ষ থেকে মুজিববর্ষের সময়কাল আগামী ১৭ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

২। সভায় 'মুজিববর্ষ' উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রণীত কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। অত:পর সকলের আলোচনা ও মতামতের ভিত্তিতে নিম্মোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্র: নং | কর্মসূচির বিবরণ | তারিখ | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| ০১ | দেশের সকল সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা সেবা এবং সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি মাদকসক্তি নিরাময় কেন্দ্রে বিনামূল্যে কাউন্সিলিং সেবা প্রদান করা হবে। | ১৭ মার্চ, ২০২০<br>১৬ ডিসেম্বর ২০২১ | কর্মসূচী বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। | আগামী ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/<br>কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র/ বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র/<br>নিবন্ধিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র। |
| ০২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে বঙ্গবন্ধুর জীবনী, দেশ গঠন ও মাদক নির্মূল বিষয়ক দিনব্যাপী আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন। | ১৭ মার্চ, ২০২০ | বাস্তবায়িত | বাস্তবায়িত | পরিচালক (নিরোধ শিক্ষা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |

| ক্র: নং | কর্মসূচির বিবরণ | তারিখ | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| ০৩ | অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক গ্রন্থ সংরক্ষণের নিমিত্তে "বঙ্গবন্ধু বুক কর্ণার" স্থাপন করা হবে। | মার্চ, ২০২০ | বাস্তবায়িত | বাস্তবায়িত | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়। |
| ০৪ | পণ্য আমদানির ক্ষেত্রে অনাপত্তিপত্র প্রদান ও চিকিৎসা সেবার ক্ষেত্রে "বঙ্গবন্ধু ওয়ান স্টপ সার্ভিস সেন্টার" চালু করা হবে। | মার্চ, ২০২০ | বাস্তবায়িত | বাস্তবায়িত | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |
| ০৫ | "বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে মাদক নির্মূলের গুরুত্ব" শীর্ষক জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে রচনা প্রতিযোগিতা আয়োজন করা হবে। | ১৭ মার্চ, ২০২০<br>১৬ ডিসেম্বর, ২০২১ | মহামারী কোভিড-১৯ পরিস্থিতির কারণে কর্মসূচীটি এখন পর্যন্ত আয়োজন করা সম্ভব হয়নি। | রচনা প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে জাতীয় ও আঞ্চলিক পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করতে হবে। পরিচালক (আপারেশনস) এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | পরিচালক (আপারেশনস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয় এবং অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)। |
| ০৬ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যক্রম প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার। | ১৭ মার্চ, ২০২০<br>১৬ ডিসেম্বর, ২০২১ | বাস্তবায়িত | বাস্তবায়িত | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| ০৭ | বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক বিভিন্ন লেখা সমৃদ্ধ স্মরণিকা প্রকাশ। | ১৭ মার্চ, ২০২০<br>১৬ ডিসেম্বর, ২০২১ | বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক লেখা সমৃদ্ধ স্মরণিকা তৈরির কাজ চলমান রয়েছে। | আগামী ২৬ জুন ২০২১ তারিখের মধ্যে স্মরণিকা প্রকাশ করা হবে। পরিচালক (নিরোধ শিক্ষা) এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | পরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |
| ০৮ | 'বঙ্গবন্ধুর আদর্শ ও জীবন' প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভূক্তকরণসহ প্রশিক্ষণ প্রদান করা হবে। | ১৭ মার্চ, ২০২০<br>১৬ ডিসেম্বর, ২০২১ | বাস্তবায়িত | বাস্তবায়িত | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| ০৯ | মাদকের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি জেলায় একটি করে মাদক বিরোধী ফুটবল প্রতিযোগিতার আয়োজন করা হবে। | এপ্রিল, ২০২০<br>১৬ ডিসেম্বর, ২০২১ | মহামারী কোভিড-১৯ পরিস্থিতির কারণে কর্মসূচীটি এখন পর্যন্ত আয়োজন করা সম্ভব হয়নি। | অধিদপ্তরের ঢাকাস্থ অফিস ব্যতিত অন্যান্য বিভাগীয়/মেট্রো/জেলা অফিস স্ব স্ব বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের সাথে পরামর্শক্রমে নির্ধারিত সময়ের মধ্যে কর্মসূচিটি পালন করবেন। | পরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এবং অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)। |

| ক্র: নং | কর্মসূচির বিবরণ | তারিখ | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| ১০ | নতুন প্রজন্মের জন্য 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ' বিষয়ভিত্তিক বই পড়া প্রতিযোগিতা আয়োজন করা হবে। | ১৭ মার্চ, ২০২০<br><br>১৬ ডিসেম্বর, ২০২১ | বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের ইতিহাস বিষয়ক বই এবং বিগত একযুগে দেশের উন্নয়ন ও অগ্রগতি নিয়ে প্রকাশিত বই সংগ্রহের নিমিত্ত অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা) কে প্রধান করে একটি কমিটি গঠন করতে হবে। | কমিটি আগামী ১০/০৬/২০২১ তারিখের মধ্যে মহাপরিচালক মহোদয়ের নিকট বইয়ের তালিকা দাখিল করবেন। পরিচালক (আপারেশনস) এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | পরিচালক (অপারেশনস)/ অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |

৩। সভাপতি যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরন করে কর্মসূচীগুলো নির্ধারিত সময়ের মধ্যে পালনের জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করেন।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/৫/২১

(মোহাম্মদ আহসানুল জব্বার)
মহাপরিচালক।

নং-৫৮.০২.০০০০.০০৬.২৯.০০১.১৯.২২০৯

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ, ১৪২৮ / ৩১ মে, ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
৫। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
৮। উপপরিচালক (..........................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,...........................................।
৯। সহকারী পরিচালক (..........................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন..........................।
১০। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি।

৩১/০৫/২০২১

(মোঃ রবিউল ইসলাম)
উপপরিচালক (নিরোধ শিক্ষা)
ও
সদস্য সচিব
"মুজিববর্ষ" উদযাপন সংক্রান্ত কমিটি।